# রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

## হাদিস নাম্বারঃ ১২৪৩ [আন্তর্জাতিক নাম্বারঃ ১২৩৫]

৮/ বিভিন্ন নেক আমলের ফযীলত প্রসঙ্গে (كتاب الفضائل)

পরিচ্ছেদঃ ২২২: সূর্যাস্তের সঙ্গে সঙ্গে দেরী না করে ইফতার করার ফযীলত, কোন খাদ্য দ্বারা ইফতার করবে ও তার পরের দো‘আ

(222) بَابُ فَضْلِ تَعْجِيْلِ الْفِطْرِ وَمَا يُفْطِرُ عَلَيْهِ وَمَا يَقُوْلُهُ بَعْدَ الْإِفْطَارِ

### আরবী

وَعَنْ أَبي هُرَيرَةَ رضي الله عنهقالَ: قالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم، قال اللهُ عَزَّ وَجَلَّ: ( أَحَبُّ عِبَادِي إِليَّ أَعْجَلُهُمْ فِطْراً ) رواه الترمذي وقال: حَديثٌ حسنٌ .

### বাংলা

৩/১২৪৩। আবূ হুরাইরাহ রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: সর্বশক্তিমান মহান আল্লাহ তা’আলা বলেন, আমার বান্দাদের মধ্যে যারা দ্রুত ইফতার করে তারাই আমার নিকট বেশি পছন্দনীয়। হাদিসটি দুর্বল (তিরমিযী হাদিসটিকে হাসান বলেছেন)[1]

## English

(222) Chapter: The Superiority of Hastening to Break the Fast, and the supplication to say upon Breaking it

Abu Hurairah (May Allah be pleased with him) reported:
The Messenger of Allah (ﷺ) said, "Allah the Most High says: 'From amongst my slaves, the quicker the one is in breaking the Saum (fasting), the dearer is he to me."'

[At-Tirmidhi].

Commentary: The person who breaks the Saum in its early time is best loved by Allah because he is a true follower of the Prophet (PBUH).

### ফুটনোট

[1] আমি (আলবানী) বলছিঃ এ হাসান আখ্যা দেয়ার ব্যাপারে বিরূপ মন্তব্য রয়েছে। কারণ এ সনদটির কেন্দ্রবিন্দু হচ্ছে কুর্রা ইবনু আব্দির রহমান। আর তিনি হচ্ছেন দুর্বল তার মন্দ হেফযের কারণে। তার সম্পর্কে আমি "ইরওয়াউল গালীল" গ্রন্থে দ্বিতীয় নম্বর হাদীসে আলেমদের উক্তিগুলো উল্লেখপূর্বক বিস্তারিত আলোচনা করেছি। ইবনু মা'ঈন বলেনঃ তিনি হাদীসের ক্ষেত্রে দুর্বল। আবূ যুর'য়াহ্ বলেনঃ তিনি যেসব হাদীস বর্ণনা করেছেন সেগুলো মুনকার। আবূ হাতিম ও নাসাঈ বলেনঃ তিনি শক্তিশালী নন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=26150

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন